ইত্তেফাক

- 1 MAY 2017

# শিক্ষার মানোন্নয়নে ইউজিসির সঙ্গে ১৭ বিশ্ববিদ্যালয়ের চুক্তি

রাউন্ড-৪, উইনডো-১-এর অধীনে স্ব-স্ব প্রতিষ্ঠানে টিচিং লার্নিং-এর উন্নয়নের লক্ষ্যে ৩৮টি সাব-প্রজেক্ট বাস্তবায়নের জন্য দেশের সতেরটি (১৬টি পাবলিক ও ১টি প্রাইভেট) বিশ্ববিদ্যালয় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সঙ্গে এক চুক্তি-স্বাক্ষর করে। উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প এই সাব-প্রজেক্টের অনুকূলে ৫৭.৬২ কোটি টাকা বরাদ্দ দিয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানটি ইউজিসি অডিটরিয়ামে রবিবার অনুষ্ঠিত হয়েছে।

প্রফেসর আবদুল মান্নান, চেয়ারম্যান, ইউজিসি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, সদস্য, ইউজিসি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন প্রফেসর ড. দিল আফরোজা বেগম, সদস্য, ইউজিসি এবং প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, সদস্য, ইউজিসি। অনুষ্ঠানে ড. গৌরাঙ্গ চন্দ্র মোহন্ত, এনডিসি, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প স্বাগত বক্তব্য প্রদান করেন। ইউজিসি'র পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন ড. মোঃ খালেদ, সচিব, ইউজিসি। ইউজিসি চেয়ারম্যান সাব-প্রজেক্ট ম্যানেজারদের (এসপিএম) প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সঠিক সময়ে যথাযথভাবে ব্যবহারের জন্য আহবান জানান। সভাপতির ভাষণে প্রফেসর ইউসুফ আলী মোল্লা প্রকল্প বাস্তবায়নে ক্রয় সংক্রান্ত নীতিমালা সঠিকভাবে অনুসরণ করার জন্য সাব-প্রজেক্ট ম্যানেজারদের আহ্বান জানান। -বিজ্ঞপ্তি